

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
৯২-৯৩ মহাখালী, বা/এ, ঢাকা-১২১২  
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০১৯.৯৬.২৬৮.১৮-৩১৭

তারিখঃ ৮ অগ্রহায়ণ, ১৪২৫  
২২ নভেম্বর, ২০১৮

প্রেরকঃ মহাপরিচালক  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

প্রাপক: ১। উপজেলা নির্বাহী অফিসার,.....,  
বরগুনা/বরিশাল/বালকাঠি/পটুয়াখালী/পিরোজপুর/জামালপুর/শেরপুর/দিনাজপুর/কুড়িগ্রাম/লালমনিরহাট/  
নীলফামারী/পঞ্চগড়/রংপুর/ঠাকুরগাঁও/ খাগড়াছড়ি/খুলনা।

২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
খাদ্য ভবন, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।

বিষয়ঃ ২০১৮-২০১৯ অর্থ বছরের অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় কর্মসূচির ১ম পর্যায়ের ওয়েজ কন্সট ও সরদার মজুরী বাবদ অর্থ বরাদ্দ।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ২১/০৩/২০১৮ খ্রি: তারিখের ৫১.০০.০০০০.৪২১.৯৬.০০১.১৫-১০৭ নং মঞ্জুরী আদেশের প্রেক্ষিতে "অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি"র আওতায় ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেটে ৮২১,৩৮,৯৯,০০০/- (আটশত একুশ কোটি আটত্রিশ লক্ষ নিরানব্বই হাজার) টাকা বরাদ্দ ছিল উক্ত টাকা হতে ১ম পর্যায়ের ১৭ টি উপজেলায় পেমেন্ট পাইলট প্রকল্প বাস্তবায়নের জন্য নিম্নোক্ত উপজেলার পার্শ্ব প্রদত্ত বর্ণনা মোতাবেক নিম্নলিখিত শর্ত সাপেক্ষে এতদ্বারা অর্থ বরাদ্দ প্রদান করা হলো। "অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি"র নির্দেশিকা অনুসরণ করে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।


ক্রঃ নং	বিভাগের নাম	জেলার নাম	উপজেলার নাম	উপকারভোগীর সংখ্যা	শ্রম মজুরী (টাকা)	সরদার মজুরী (টাকা)	সর্বমোট (টাকা)
১।	বরিশাল	বরগুনা	বেতাগী	৫৫৬	৪৪,৪৮,০০০	৭০,০০০	৪৫,১৮,০০০
২।		বরিশাল	বাবুগঞ্জ	১,৮১৪	১,৪৫,১২,০০০	১,০৮,০০০	১,৪৬,২০,০০০
৩।		বালকাঠি	বালকাঠি সদর	১,৩৭৭	১,১০,১৬,০০০	১,৮০,০০০	১,১১,৯৬,০০০
৪।		পটুয়াখালী	দুমকি	৪২৯	৩৪,৩২,০০০	৫০,০০০	৩৪,৮২,০০০
৫।		পিরোজপুর	পিরোজপুর সদর	১,১৭২	৯৩,৭৬,০০০	১,২৬,০০০	৯৫,০২,০০০
৬।	ময়মনসিংহ	জামালপুর	বকশীগঞ্জ	২,২৫৭	১,৮০,৫৬,০০০	১,২৬,০০০	১,৮১,৮২,০০০
৭।		শেরপুর	ঝিনাইদগাতী	১,৩৩৩	১,০৬,৬৪,০০০	১,২৬,০০০	১,০৭,৯০,০০০
৮।	রংপুর	দিনাজপুর	ঘোড়াঘাট	১,০৫৪	৮৪,৩২,০০০	৭২,০০০	৮৫,০৪,০০০
৯।		দিনাজপুর	হাকিমপুর	৫৬২	৪৪,৯৬,০০০	৫৪,০০০	৪৫,৫০,০০০
১০।		কুড়িগ্রাম	চিলমারী	১,৯৯১	১,৫৯,২৮,০০০	১,০৮,০০০	১,৬০,৩৬,০০০
১১।		লালমনিরহাট	পাটগ্রাম	১,৫২৮	১,২২,২৪,০০০	১,৪৪,০০০	১,২৩,৬৮,০০০
১২।		নীলফামারী	সৈয়দপুর	১,০০৯	৮০,৭২,০০০	৫০,০০০	৮১,২২,০০০
১৩।		পঞ্চগড়	পঞ্চগড় সদর	১,৪৬৫	১,১৭,২০,০০০	১,০০,০০০	১,১৮,২০,০০০
১৪।		রংপুর	রংপুর সদর	১,৩৮০	১,১০,৪০,০০০	৯০,০০০	১,১১,৩০,০০০
১৫।		ঠাকুরগাঁও	হরিপুর	৯৮৯	৭৯,১২,০০০	১,০৮,০০০	৮০,২০,০০০
১৬।	চট্টগ্রাম	খাগড়াছড়ি	পানছড়ি	৩৮৬	৩০,৮৮,০০০	৫০,০০০	৩১,৩৮,০০০
১৭।	খুলনা	খুলনা	ফুলতলা	১,০১২	৮০,৯৬,০০০	৭২,০০০	৮১,৬৮,০০০
		মোট =		২০২,৯৬	১৬,২৫,১২,০০০	১৬,৩৪,০০০	১৬,৪১,৪৬,০০০

**শর্তাবলী:**

(ক) বিভাজনকৃত অর্থ ব্যয়ে সংশ্লিষ্ট সকল আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে;

চলমান পাতা/০২

- (খ) নীতিমালা বহির্ভূত কোন ব্যয় করা যাবে না;
- (গ) গত বছরের বন্যা ও চলতি বছরের বন্যাপরবর্তী রাস্তাঘাট মেরামত ও ভিটি উঁচুকরণের নিমিত্তে অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প গ্রহণ করবেন;
- (ঘ) কর্মসূচির বাস্তবায়ন কার্যক্রম মাঠ পর্যায়ে যথাযথভাবে মনিটরিং এর জন্য সকল উপজেলায় সংশ্লিষ্ট ট্যাগ অফিসার ২৫%, পিআইও ৪০%, ইউএনও ১০%, ডিআরআরও ১০%, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ১০%, ডিডিএলজি ৫% ইজিপিপি'র কাজের তদারকী করবেন। এছাড়া Safety Net Systems for the Poorest (SNSP) প্রকল্পের উপ-সহকারী প্রকৌশলী ১০০% কাজ তদারকী করবেন;
- (ঙ) নির্দেশিকার ৩.৮ বাস্তবায়ন এবং তদারকীঃ প্রকল্প বাস্তবায়নে গৃহীতব্য পদক্ষেপসমূহ এর ক্রমিক নং-১-৬ এ বর্ণিত ফিল্ড সুপারভাইজার এর স্থলে Safety Net Systems for the Poorest (SNSP) প্রকল্পের উপ-সহকারী প্রকৌশলী পদধারীগণ দ্বারা প্রতিস্থাপিত হবে;
- (চ) মঞ্জুরীকৃত অর্থ ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেটে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির অনুকূলে কোড নং-১৪৯০১০১-১২০০০১৯১৩-অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান-৩৬৩১১০৭-বিশেষ অনুদান খাত হতে নির্বাহ করা হবে।
- (ছ) কর্মসূচির অর্থ ছাড়ের শর্তাবলী অনুসরণপূর্বক প্রতিমাসে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এ অধিদপ্তরে প্রেরণ করতে হবে। কর্মসূচি সমাপ্তির পর খরচের হিসাব, ব্যাংক স্টেটমেন্ট মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও প্রকল্প পরিচালক, SMoDMRPA প্রকল্প বরাবরে বিশেষ বাহক মারফত কাজ শেষ হওয়ার ১ (এক) সপ্তাহের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- (জ) অব্যয়িত টাকা ট্রেজারি চালানোর মাধ্যমে সরকারি কোষাগারের কোড (কোড নং-১-৪৯০১-০০০১-২৬৭১)'তে জমা দিয়ে চালানোর কপি অত্র কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- (ঝ) নির্দেশিকা অনুযায়ী প্রকল্প শুরুর পূর্বে প্রকল্প স্থলে সাইনবোর্ড স্থাপন নিশ্চিত করতে হবে এবং নারী ও পুরুষ শ্রমিক সংখ্যা উল্লেখ করতে হবে।
- ২। ২৯/১১/২০১৮ তারিখ পর্যন্ত ১ম পর্যায়ে কর্মসূচি বাস্তবায়নের সময়সীমা বলবৎ থাকবে।

  
২২/১১/১৮  
(আবু সৈয়দ মোহাম্মদ হাশিম)  
(অতিরিক্ত সচিব)  
মহাপরিচালক  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
dg@ddm.gov.bd  
৮ অগ্রহায়ণ, ১৪২৫  
২২ নভেম্বর, ২০১৮

স্মারক নং-৫১.০১.০০০০.০১৯.৯৬.২৬৮.১৮-৩১৭

তারিখঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। ভারপ্রাপ্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, -----।
- ৪। প্রকল্প পরিচালক, SMoDMRPA প্রকল্প, ভেঞ্চার টাওয়ার (৪র্থ তলা), মহাখালী, ঢাকা
- ৫। জেলা প্রশাসক, -----।
- ৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। তাঁকে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ----- (তাকে প্রতিমাসে অগ্রগতির প্রতিবেদন উপজেলাওয়ারী দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কাবিখা-৩ শাখায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৮। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, -----।
- ৯। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ----- (তাকে প্রতিমাসে অগ্রগতির প্রতিবেদন জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, -----।
- ১১। সংরক্ষণ নথি।

(মো: রইস উদ্দিন ভূঁইয়া শাহীন)

(উপ-সচিব)

উপ-পরিচালক(কাবিখা-৩)

ফোন : ৯৮৪৫১৬৭

ই-মেইলঃ mrubshaheen@ymail.com